
তারিখ ... 8 JUL 2017 ...
পৃষ্ঠা ... 11 ... কলাম 6 ...

দৈনিক
জনকণ্ঠ

# শিক্ষার্থীরা পথভ্রষ্ট না হোক



জননেত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্য আর্থ-সামাজিক খাতে দ্রুত পরিবর্তন করে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশে পরিণত করা। দারিদ্র্যমুক্ত দেশ গড়ে তুলতে সরকার ডিপ্লোমা শিক্ষায় তরুণদের প্রবেশাধিকার নিশ্চিত করতে চায়। একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ গড়ে তুলতে সবার জন্য ডিপ্লোমা শিক্ষা নিশ্চিত করাটা জরুরী। আধুনিক এবং প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ডিপ্লোমা শিক্ষা ব্যবস্থা ছাড়া কোন দেশই এই প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে পারবে না। শিক্ষামন্ত্রী ঘোষণা করেছেন, ২০২১ সালের মধ্যে দেশে ডিপ্লোমা শিক্ষায় ভর্তির হার ২০ ভাগ এবং ২০৪১ সালে এ হার ৬৫ ভাগে উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বর্তমানে ডিপ্লোমা শিক্ষার হার তিন দশমিক ৭ শতাংশ। ২০৪১ সাল আসতে আর মাত্র ২৪ বছর বাকি। এর মধ্যে আমাদের ডিপ্লোমা শিক্ষার হার ৬৫ শতাংশে উন্নতি করে জনগণের মাথাপিছু আয় ১৫০০ ডলার থেকে ১২ হাজার ডলারে উন্নীত করতে হবে, যদি আমরা একটি উন্নত দেশে পরিণত হতে চাই। পৃথিবীর সব দেশে ডিপ্লোমা ডিগ্রীধারীরা অবকাঠামো নির্মাণে, প্রশাসনকে বিকেন্দ্রীকরণে, জনশাসন সাধারণ মানুষের কাছে পৌঁছাতে নিরলস শ্রম দিয়ে যায়। জনগণও ডিপ্লোমা পেশাজীবীদের কাছাকাছি থেকে তাদের কাঙ্ক্ষিত সর্বপ্রকার সহযোগিতার অধিকারী হয়। অথচ গুরুত্বপূর্ণ এই ডিপ্লোমা শিক্ষার ক্ষেত্রে ঔপনিবেশিক আমলে গড়া ডিপ্লোমা নিয়ন্ত্রণকারী ৭টি প্রতিষ্ঠান যথা কারিগরি শিক্ষা বোর্ড, আয়ুর্বেদীয় বোর্ড, হোমিওপ্যাথিক বোর্ড, নার্সিং কাউন্সিল, ফার্মেসি কাউন্সিল, রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, প্রাথমিক শিক্ষা একাডেমি বিচ্ছিন্নভাবে শিক্ষা নিয়ন্ত্রণ করে পরগাছা নীতি চলমান রেখেছে। আমাদের সুস্পষ্ট প্রস্তাবনা, ডিপ্লোমা শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ঢাকা ডিপ্লোমা শিক্ষা বোর্ড, চট্টগ্রাম ডিপ্লোমা শিক্ষা বোর্ড, খুলনা শিক্ষা বোর্ড, রাজশাহী ডিপ্লোমা শিক্ষা বোর্ড, সিলেট ডিপ্লোমা শিক্ষা বোর্ড, বরিশাল ডিপ্লোমা শিক্ষা বোর্ড, রংপুর ডিপ্লোমা শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ডিপ্লোমা শিক্ষা বোর্ড প্রতিষ্ঠা করা হোক। আর তা হলেই বোর্ড যেখানে হাইস্কুল আছে তারই পাশে ডিপ্লোমা ইনস্টিটিউট নির্মাণে প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনা করতে পারবে। ডিপ্লোমার শিক্ষার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের নীতি অনুসরণ করতে হবে। প্রতিষ্ঠা করতে হবে বিভাগভিত্তিক স্বাধীন স্বতন্ত্র ডিপ্লোমা শিক্ষা বোর্ড।

**মোঃ আবুল হাসান**

**খন রঞ্জন রায়**

চকবাজার, চট্টগ্রাম